# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## কৃষিশিক্ষা ১ম পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৩৯

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ রহিম মিয়া ধানক্ষেতে পোকার ব্যাপক আক্রমণ ঘটেছে। পাশের জমিতে ছড়িয়ে পড়ায় অন্যান্য কৃষকরা চিন্তিত। উপজেলা কৃষি কর্মকর্তার শরণাপন্ন হলে তিনি কয়েকজন কৃষককে নিয়ে জরুরী বৈঠক করেন। বৈঠকে ধানক্ষেতে ক্ষতিকর পোকা চেনানো, ক্ষতির প্রকৃতি শেখানো ও দমন পদ্ধতির উপায় শেখানো হলো। শেখানো পদ্ধতি কাজে লাগিয়ে কৃষকরা উপকৃত হন।

ক. কৃষি কী? ১

খ. টমেটো কেন উদ্যান ফসল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে জরুরী বৈঠকের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষি কর্মকর্তার কার্যক্রম মূল্যায়ন কর। ৪

২.▶ একাদশ শ্রেণির ছাত্র রিপন তার পৈত্রিক ভিটায় শাক-সবজি চাষ করেন। আশানুরূপ ফলন না পাওয়া জমির মাটি নিয়ে তার কৃষি শিক্ষক স্যারের কাছে পরীক্ষা করান। স্যার পরীক্ষা করে দেখলেন এটা বেলে মাটি, এটি পরিবর্তনের দরকার। রিপন কৃষি শিক্ষকের পরামর্শ মোতাবেক জৈব পদার্থ প্রয়োগসমহ অন্যান্য উপাদান প্রয়োগ করে মাটির বুনট পরিবর্তন করে সবজি চাষের উপযোগী করে তোলেন।

ক. মালচিং কী? ১

খ. শিল্প কারখানা এলাকার মাটি অম্লীয় হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ছাত্র রিপন সবজি চাষে ব্যর্থ হল কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাটির বুনট পরিবর্তনে রিপন যে ব্যবস্থা নিল তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ হাবাসপুর গ্রামের কাদের একজন পাট চাষী। প্রতি বছর একই জমিতে পাট চাষ করেন। প্রথম দিকে ভালো ফলন পেলেও বর্তমানে আগের মত ফলন পাচ্ছে না। উপজেলা কৃষি কর্মকর্তার কাছে বিষয়টি জানালে, তিনি ফসল পরিবর্তনসহ জমির উর্বরতা বাড়ানোর বেশ কিছু পরামর্শ দেন।

ক. প্রশম মাটির pH কত? ১

খ. জৈব পদার্থ মাটির পানি ধারণ ক্ষমতা বাড়ায়, ব্যাখ্যা কর। ২

গ. কাদের সাহেবের পাটের ফলন কমার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জমির ফলন বাড়তে কৃষি কর্মকর্তঅর পরামর্শের বিষয়টি মূল্যায়ন কর। ৪

৪.▶ শাকিল সাহেব বর্গাচাষী। সরিষা চাষ করে তার সংসার ঠিকমত চলে না। তাই সে যুব উন্নয়ন কেন্দ্র থেকে মৌমাছি চাষের প্রশিক্ষণ নিয়ে মৌমাছি পালনের সিন্ধান্ত নেয়, এ লক্ষ্যে মৌবক্স সংগ্রহ করে তার সরিষা ক্ষেতে মৌবাক্স স্থাপন করে মৌচাষ শুরু করল।

ক. সেরিকালচার কী? ১

খ. মৌচাষের উপযুক্ত সময় বসন্তকাল, ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চাষকৃত ফসলে মৌবাক্স স্থাপনের যৌক্তিকতা লিখ। ৩

ঘ. পাঠ্য বইয়ের আলোকে শাকিল সাহেবের গৃহীত পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

৫.▶ গ্রামে পুকুর, ডোবা, খানা খন্দ দখলের কারণে পাটচাষী হারুন এবার পাট পচাতে পারছে না। বিগত দিনেও পাটের বাম্পার ফলন পেলেও বাজারে পাটের মূল্য কত পেত। বিষয়টি উপজেলা কৃষি কর্মকর্তাকে জানালে পাটের আঁশ ছাড়ানোর উপর প্রশিক্ষণ নিতে বলে। পাট আঁশ ছড়িয়ে পাট পচালে আশের মান ভালো হয়। পাট পচাতে পানিও কম লাগে।

ক. জীবাণু সার কী? ১

খ. অনুজীব সার কেন ব্যবহার করা হয়? ২

গ. পাট চাষী হারুন পাটের বাজার মূল্য কম পেত কেন? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. পাট চাষী হারুন যেটির উপর প্রশিক্ষণ নিল তার বর্ণনা দাও। ৪

৬.▶ শাহানা ম্যাডাম খবরের কাগজে দেশের বিভিন্ন এলাকার বন্যার ভয়াবহ চিত্র দেখল। গাছপালা উজাড়, পাহাড় কাটা, শিল্পকারখানা স্থাপন এর অন্যতম কারণ। পরিবেশ বিপর্যায়ের ফলে তাপমাত্রা ও বৃষ্টিপাতের পরিবর্তন ঘটেছে।

ক. কৃষি ঋতু কী? ১

খ. খরিপ-২ মৌসুমে আবহাওয়া কেমন ঘটে? ২

গ. পরিবেশ বিপর্যয়ের ফলে যে দুটি উৎপাদন পরিবর্তন ঘটেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. কৃষির উপর উক্ত উপাদান দুটির প্রভাব আলোচনা কর। ৪

৭.▶ শরীফ সাহেব তার জমিতে এবারও আঁখ চাষ করলেন। পানি সরানোর ব্যবস্থা না থাকায় আঁখের বর্ণ হলুদ হলো। কিছু আঁখের পাতার মধ্যশিরা বরাবর লাল দাগের সৃষ্টি হল। ফলন উল্লেখযোগ্য হারে কমেছে।

ক. উফশী ধান কী? ১

খ. তুলার জিনিং কেন করা হয়? ২

গ. শরীফ সাহেবের আঁখের ফলন কমার কারণ কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রোগের কারণ ও প্রতিকার লিখ। ৪

৮.▶ কবির সাহেবের এবার আমের ব্যাপক ফলন হয়েছে, বাজার দর কমে যাওয়ায় বেশ চিন্তিত। ব্যবসায়ী মহাজনের পরামর্শ মোতাবেক এবার সংরক্ষণের ব্যবস্থা নিলে।

ক. কিউরিং কি? ১

খ. ফল গ্রেডিং করতে হয় কেন? ২

গ. আর্থিক ঝুঁকি এড়াতে কবীর সাহেবের উদ্যোগের যথার্থতা লিখ। ৩

ঘ. সকল চাষীদের ক্ষেত্রে এরকম সমস্যার সরকারের ভূমিকা কি হওয়া উচিত বলে তুমি মনে কর? ৪

https://teachingbd24.com

# কৃষিশিক্ষা ১ম পত্র

বিষয় কোড : ২৩৯

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা কত শতাংশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির সঙ্গে জড়িত?**

ক ৫৭% খ ৬২%
গ ৭৫% ঘ ৮০%

**২. মাছ কোন পর্বের প্রাণী?**

ক কর্ডাটা
খ ভার্টিব্রাটা
গ কনড্রিকথিস
ঘ অসট্রিকথিস

**৩. সেলিম সাহেব শিক্ষিত হয়েও পোল্ট্রি খামারের ব্যবসা করে। এ খামার প্রথমে কত সালে সরকারিভাবে গড়ে ওঠে?**

ক ১৯৯০ খ ১৯৯১
গ ১৯৯২ ঘ ১৯৯৩

**৪. বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**

ক গাজীপুর খ ফার্মগেট
গ শ্রীমঙ্গল ঘ ময়মনসিংহ

**৫. উদ্যান ফসলের বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে —**

i. পানি সেচ অপরিহার্য
ii. সাধারণত কম জমিতে চাষ করা হয়
iii. উৎপাদন ব্যয় কম এবং লাভ ও ব্যয়ের অনুপাত কম

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. অম্ল মাটির pH মান কত?**

ক ৭.০০ খ ৫.৫
গ ৮.৫ ঘ ১০.৫

**৭. করিম মিয়া ক্ষার সহনশীল ফসলের চাষাবাদ করে। এক্ষেত্রে তিনি কোন ফসলের চাষাবাদ করেন?**

ক লেবু খ কাঁঠাল
গ আনারস ঘ নারিকেল

**৮. সেচের সূচনা হয় কোথায়?**

ক মিশরে খ জাপানে
গ রাশিয়ায় ঘ যুক্তরাজ্যে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

ইমরান তার জমির উর্বরতা বৃদ্ধির জন্য কৃষি সম্প্রসারণ অফিসে গেল। উপজেলা কৃষি অফিসার তার জমিতে একটি উপাদান বেশি ব্যবহার করতে বললেন যাকে মাটির পুষ্টি উপাদানের আধার বলা হয়।

**৯. কৃষি অফিসার ইমরানকে কী ব্যবহার করতে বলেছেন?**

ক রাসায়নিক সার খ জৈব সার
গ কীটনাশক ঘ আগাছানাশক

**১০. কৃষি অফিসারের পরামর্শে ইমরান তার জমিতে ব্যবহার করতে পারে —**

i. গোবর
ii. সবুজ সার
iii. খামারজাত সার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. প্রতি বর্গমিটার বীজতলায় কত কেজি গোবর সার প্রয়োগ করতে হয়?**

ক ১ খ ২
গ ৩ ঘ ৪

**১২. অণুজীব সার নয় —**

i. রাসায়নিক সার
ii. কম্পোস্ট সার
iii. অনুজীব দ্বারা সৃষ্ট সার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. বীজ প্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্য হলো —**

i. বীজ ভালোভাবে শুকিয়ে বীজের আর্দ্রতা কমানো
ii. বীজ হতে আগাছা ও অন্যান্য শস্য বীজ সরিয়ে ফেলা
iii. বীজ থেকে রোগা ও পোকাক্রান্ত বীজ বেছে ফেলা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

১৪. পেঁয়াজ কোন জাতীয় অর্থকরী ফসল?

ⓚ মসলা　　ⓚ তেল
ⓖ ডাল　　ⓘ বীজ

(ক) মসলা　(খ) তেল
(গ) ডাল　(ঘ) বীজ

১৫. বায়ুমন্ডলে কয়টি স্তর রয়েছে?

(ক) ২　(খ) ৩
(গ) ৪　(ঘ) ৫

১৬. পাহাড়ের ঢালে বেশি বৃষ্টিপাতের কারণে চাষ হয় —

i. কলা
ii. আনারস
iii. নারিকেল ও বেল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৭. উভয় মৌসুমে চাষ করা যায় না ধানের এমন জাত কোনটি?

(ক) বি আর ১৪
(খ) বি আর ৩
(গ) ব্রি ধান ৫৮
(ঘ) বিনা ধান ৮

১৮. কাজী পেয়ারার গড় ওজন কত?

(ক) ২৫০—৩০০ গ্রাম　(খ) ৩০০—৩৫০ গ্রাম
(গ) ৩৫০—৪০০ গ্রাম　(ঘ) ৪০০—৫০০ গ্রাম

১৯. আমের বৈজ্ঞানিক নাম কী?

(ক) Jackfruit
(খ) Mangifera indica
(গ) Syzygium cuminii
(ঘ) Zizyphus mauritiana

২০. আদার ঔষধি গুণ হলো —

i. ক্যানসার প্রতিরোধ করে
ii. হজমে সহায়তা করে
iii. গলার কফ নিরাময়ে সহায়তা করে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

হাবিব মিয়া মুগ ডালের চাষ করেন। একদিন হঠাৎ তিনি তার মুগ ক্ষেতে বিছা পোকার উপস্থিতি দেখতে পেলেন। ফসল নষ্ট হওয়ার আশঙ্কায় তিনি ভয় পেলেন এবং পোকা দমনের উপায় খুঁজতে লাগলেন।

২১. হাবিব মিয়ার ফসলে বিছা পোকার আক্রমণ কোন সময়টিকে নির্দেশ করে?

(ক) গাছে ফুল ধরার সময়
(খ) গাছে ফল ধরার সময়
(গ) বীজ পরিপক্ক হওয়ার সময়
(ঘ) ফসল উত্তোলনের সময়

২২. হাবিব মিয়া তার ফসলকে পোকার আক্রমণ থেকে বাঁচাতে পারেন —

i. ডায়াজিনন-৫০ ইসি ব্যবহার করে
ii. লিবাসিড-৫০ ইসি ব্যবহার করে
iii. এডমায়ার-২০০ এস ব্যবহার করে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২৩. কত ডিগ্রি সে তাপমাত্রায় ফল আড়াতাড়ি পচতে শুরু করে?

(ক) ২০—২৫　(খ) ২৫—২৭
(গ) ৩০—৩২　(ঘ) ৩৫—৩৭

২৪. নিম্ন তাপমাত্রায় ও উচ্চ আর্দ্রতায় সবজিকে রেখে দিলে যে ক্ষত সেরে উঠে তাকে কী বলে?

(ক) শ্বসন　(খ) কিউরিং
(গ) লাম্পিং　(ঘ) ক্যানিং

২৫. ফল পচনের লক্ষণসমূহ হলো —

i. ফল থেকে দুর্গন্ধ বের হয়
ii. ফলের গায়ে আঘাতের চিহ্ন দেখা যায়
iii. ফলের রং বিকৃত হয়ে যায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ |
| ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | | |

https://teachingbd24.com